

# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২৩/২৭৪

তারিখ : ২৮ নভেম্বর, ২০২৩

## সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : “নিম্নতম মজুরি-২০২৩ বাস্তবায়ন” বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, সম্প্রতি নিম্নতম মজুরি বোর্ড “গার্মেন্টস” শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি ঘোষণা করেছে, যা আগামী ১ ডিসেম্বর, ২০২৩ থেকে কার্যকর হবে। বিজিএমইএ ম্যানেজমেন্ট মনে করছে নিম্নতম মজুরি সঠিকভাবে সমন্বয় এবং বাস্তবায়ন করা না হলে শিল্প বিরোধ/শ্রম অসন্তোষ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। এ ছাড়াও সকল পোশাক কারখানা যাতে অভিন্ন (Uniform) নিয়মে সমন্বয় ও বাস্তবায়ন করতে পারে সে লক্ষ্যে প্রতিষ্ঠানের এইচ.আর./এডমিন/ কমপ্লায়েন্স/অথবা এতদসংশ্লিষ্ট বিষয়ে দ্বায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের সমন্বয়ের বিধান সম্পর্কে সম্যক ধারণা থাকা প্রয়োজন।

প্রতিষ্ঠানের শ্রমিকদের মজুরি সমন্বয় ও বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে দ্বায়িত্বে নিয়োজিত ব্যক্তি বিশেষ করে এইচ.আর./এডমিন/ কমপ্লায়েন্স/হিসাব কর্মকর্তাগণকে এ সংক্রান্ত ধারণা প্রদানের জন্য বিজিএমইএ'র পক্ষ থেকে কর্মশালায় আয়োজন করা হয়েছে।


উক্ত কর্মশালা নিম্নোক্ত সিডিউল মোতাবেক বিজিএমইএ বোর্ড রুম (লিফট-৫), বিজিএমইএ কমপ্লেক্স, উত্তরা, ঢাকায় অনুষ্ঠিত হবে। কর্মশালায় বিজিএমইএ সদস্যভুক্ত প্রত্যেক প্রতিষ্ঠান থেকে এতদসংশ্লিষ্ট বিষয়ে নিয়োজিত সর্বোচ্চ ০২ (দুইজন) অংশগ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে। কর্মশালায় অংশগ্রহণের জন্য কোনো ফি প্রদান করতে হবে না।

| ব্যাচ নম্বর    | কর্মশালা অনুষ্ঠানের তারিখ  | মনোনয়ন পাঠানোর শেষ তারিখ | এলাকার নাম                                 |
|----------------|--|---------------------------|--|
| প্রথম ব্যাচ    | ৪ ডিসেম্বর, ২০২৩ (সোমবার)<br>(সকাল ১০:৩০ থেকে বেলা ১২:০০ ঘটিকা)        | ০২ ডিসেম্বর, ২০২৩         | আশুলিয়া                                   |
| দ্বিতীয় ব্যাচ | ৪ ডিসেম্বর, ২০২৩ (সোমবার)<br>(বিকাল ৩:০০ থেকে ৫:০০ ঘটিকা পর্যন্ত)      | ০২ ডিসেম্বর, ২০২৩         | আশুলিয়া/সাতার                             |
| তৃতীয় ব্যাচ   | ৫ ডিসেম্বর, ২০২৩ (মঙ্গলবার)<br>(সকাল ১০:৩০ থেকে বেলা ১২:০০ ঘটিকা)      | ০৩ ডিসেম্বর, ২০২৩         | কোনাবাড়ী/ কাশিমপুর                        |
| চতুর্থ ব্যাচ   | ৫ ডিসেম্বর, ২০২৩ (মঙ্গলবার)<br>(বিকাল ৩:০০ থেকে ৫:০০ ঘটিকা পর্যন্ত)    | ০৩ ডিসেম্বর, ২০২৩         | কোনাবাড়ী/ কাশিমপুর/<br>কালিয়াকৈর         |
| পঞ্চম ব্যাচ    | ৬ ডিসেম্বর, ২০২৩ (বুধবার)<br>(সকাল ১০:৩০ থেকে বেলা ১২:০০ ঘটিকা)        | ০৪ ডিসেম্বর, ২০২৩         | গাজীপুর চৌরাস্তা হতে<br>ভালুকা পর্যন্ত     |
| ষষ্ঠ ব্যাচ     | ৬ ডিসেম্বর, ২০২৩ (বুধবার)<br>(বিকাল ৩:০০ থেকে ৫:০০ ঘটিকা পর্যন্ত)      | ০৪ ডিসেম্বর, ২০২৩         | গাজীপুরের অন্যান্য এলাকা                   |
| সপ্তম ব্যাচ    | ৭ ডিসেম্বর, ২০২৩ (বৃহস্পতিবার)<br>(সকাল ১০:৩০ থেকে বেলা ১২:০০ ঘটিকা)   | ০৫ ডিসেম্বর, ২০২৩         | নারায়নগঞ্জ/নরসিংদী                        |
| অষ্টম ব্যাচ    | ৭ ডিসেম্বর, ২০২৩ (বৃহস্পতিবার)<br>(বিকাল ৩:০০ থেকে ৫:০০ ঘটিকা পর্যন্ত) | ০৫ ডিসেম্বর, ২০২৩         | ঢাকা মেট্রোপলিটন এলাকা<br>ও অন্যান্য এলাকা |

উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের নিম্নতম মজুরি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট দুইজন কর্মকর্তাকে মনোনয়নপূর্বক তাদের নাম ও পদবী নির্ধারিত তারিখের মধ্যে ই-মেইল (e-mail: rafiq.islam@bgmea.com.bd) বা সরাসরি বিজিএমইএতে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, বোর্ড রুমের আসন সংখ্যা সীমিত বিধায় “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে কর্মশালায় অংশগ্রহণ নিশ্চিত করা হবে।

বিস্তারিত জানতে জনাব মোঃ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (শ্রম), বিজিএমইএ (মোবাইল- ০১৯১৩-৫২৯৮৬২) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত,

  
(মোঃ ফয়জুর রহমান)  
মহাসচিব